ইত্তেফাক
তারিখ 14 AUG 2008

# হাবতে ছাত্রী যৌন নিপীড়নের খবরে তোলপাড় ॥ তদন্ত দাবি

॥ ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রী যৌন নিপীড়নের খবরে বিভিন্ন মহলে তোলপাড় শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ঘটনার সুষ্ঠু তদন্ত দাবি করেছে। জানা যায়, ছাত্রীদের অভিযোগের প্রেক্ষিতে যৌন নিপীড়নের দায়ে বিশ্ববিদ্যালয়ের আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক শেখ এবিএম জাকির হোসেনকে ৫ বছরের জন্য বিভাগের পরীক্ষা সংক্রান্ত কাজ থেকে বরখাস্ত করা হয়েছে। এ ঘটনা গত মঙ্গলবার বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হওয়ার পর ক্যাম্পাসে তোলপাড় শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হক বিভাগের শিক্ষকদের তলব করে ঘটনার ব্যাখ্যা চেয়েছেন। তারা ছাত্রীদের অভিযোগপত্রটি ভিসির কাছে হস্তান্তর করেছেন বলে জানা গেছে। এ বিষয়ে আজ বৃহস্পতিবার আল-কুরআন বিভাগে জরুরী সভা আহবান করা হয়েছে বলে বিভাগীয় সভাপতি জানান।

এদিকে অভিযুক্ত শিক্ষক নিজে এবং তার অনুগত ছাত্রদের মাধ্যমে অভিযোগকারী ছাত্রীদের উপরে বিভিন্নভাবে হুমকি ও চাপ প্রয়োগ করে যাচ্ছেন বলে অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে বলা হয়, তিনি অভিযোগপত্র প্রত্যাহার করার জন্য ছাত্রীদের পরীক্ষায় ফেল করিয়ে দেয়াসহ নানা ভয়ভীতি দেখাচ্ছেন। বিভাগের সিনিয়র দুই শিক্ষক অভিযুক্ত শিক্ষকের পক্ষ হয়ে জোর তৎপরতা চালাচ্ছেন বলে অভিযোগ উঠেছে। ছাত্রীরা ঘটনার সুষ্ঠু তদন্ত, অভিযুক্ত শিক্ষকের শাস্তি এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে নিজেদের নিরাপত্তা দাবি করেছে।